NEW YORK
STATE OF OPPORTUNITY.

বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের সুরক্ষার জন্য ন্যায়বিচার কেন্দ্র

কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন

কর্মী ও স্বেচ্ছাসেবীদের পথনির্দেশ

অগাস্ট 2018

161 Delaware Avenue, Delmar, New York 12054
518-549-0200
www.justicecenter.ny.gov

কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন

দর্শন

বিশেষ চাহিদাযুক্ত মানুষদের নির্যাতন, অবহেলা ও দুর্ব্যবহারের থেকে রক্ষা করা হবে। স্টেটের দ্বারা দেশের স্বাস্থ্য, সুরক্ষা ও সম্মানের সেরা মান নিশ্চিত করার দ্বারা; এবং পরিষেবা প্রদান করা নিবেদিত পুরুষ ও মহিলাদের সমর্থন করার দ্বারা এটি অর্জন করা যাবে।

ব্রত

ন্যায়বিচার কেন্দ্র(Justice Center) বিশেষ চাহিদা ও প্রতিবন্ধকতাযুক্ত মানুষদেরকে তাদের নাগরিক অধিকারের পক্ষসমর্থন করার, দুর্ব্যবহার প্রতিরোধ করার এবং নির্যাতন ও অবহেলার যাবতীয় অভিযোগের তদন্ত করার মাধ্যমে সমর্থন করতে এবং তাদের স্বাস্থ্য, সুরক্ষা ও সম্মান রক্ষা করতে অঙ্গীকারবদ্ধ।

মূল্যবোধ ও পথনির্দেশের নীতিমালা

সততা: ন্যায়বিচার কেন্দ্র মনে করে যে, বিশেষ চাহিদাযুক্ত সকল মানুষের সম্মানজনক আচরণ প্রাপ্য এবং এই যে, মানুষের অধিকার রক্ষা করতে হবে।

গুণমান: ন্যায়বিচার কেন্দ্র উৎকৃষ্ট পরিষেবা প্রদানে এবং বিশেষ চাহিদাযুক্ত মানুষের উন্নত মানের পরিচর্যা পাওয়া নিশ্চিত করায় অঙ্গীকারবদ্ধ।

দায়বদ্ধতা: ন্যায়বিচার কেন্দ্র উপলব্ধি করে যে আমরা যাদের পরিষেবা দিই তাদের ও জনগণের প্রতি দায়বদ্ধতা সবচেয়ে জরুরি।

শিক্ষা: ন্যায়বিচার কেন্দ্র মনে করে যে, জনসংযোগ, প্রশিক্ষণ ও সেরা রীতিগুলির প্রচার ব্যবস্থার পরিবর্তনকে প্রভাবিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ।

সহযোগিতা: বিশেষ চাহিদাযুক্ত মানুষদের নিরাপত্তা দেওয়া একটি যৌথ দায়িত্ব এবং ন্যায়বিচার কেন্দ্র সফল হয়েছে, কারণ তা নির্যাতন ও অবহেলা প্রতিরোধ করতে সংস্থাগুলির, প্রদানকারীদের, সরাসরি পরিষেবা প্রদান করা মানুষদের এবং বিশেষ চাহিদাযুক্ত মানুষদের সঙ্গে কাজ করে।

কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন

এক্তিয়ার

ন্যায়বিচার কেন্দ্র ছয়টি স্টেট তদারকি সংস্থার (State Oversight Agencies – SOAs) ব্যবস্থার মধ্যেকার কেন্দ্র ও কার্যক্রমগুলির দেখাশোনা করে:

বিকাশগত প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের দপ্তর(Office for People With Developmental Disabilities – OPWDD)

- OPWDD দ্বারা পরিচালিত, শংসিত বা লাইসেন্স দেওয়া কেন্দ্র ও কার্যক্রমগুলি

মানসিক স্বাস্থ্য দপ্তর(Office of Mental Health – OMH)

- OMH দ্বারা পরিচালিত, শংসিত বা লাইসেন্স দেওয়া কেন্দ্র ও কার্যক্রমগুলি

মদ্যাসক্তি ও পদার্থের অপব্যবহার পরিষেবা দপ্তর(Office of Alcoholism and Substance Abuse Services – OASAS)

- OASAS দ্বারা পরিচালিত, শংসিত বা লাইসেন্স দেওয়া কেন্দ্র ও কার্যক্রমগুলি

শিশু ও পারিবারিক পরিষেবা দপ্তর(Office of Children and Family Services – OCFS)

- OCFS এর কমিশনারের হেফাজতে থাকা তরুণদের জন্য OCFS পরিচালিত কেন্দ্র ও কার্যক্রমগুলি
- OCFS এর লাইসেন্স দেওয়া বা শংসিত যে আবাসিক কেন্দ্রগুলি পরিত্যক্ত, নির্যাতিত, অবহেলিত ও নির্ভরশীল শিশুদের, তত্বাবধানের চাহিদাযুক্ত ব্যক্তিদের অথবা শিশু অপরাধীদের পরিচর্যা করে
- প্রাপ্তবয়স্কদের জন্য পারিবারিক-প্রকারের গৃহগুলি
- OCFS শংসিত পলায়নপর ও গৃহহীন তরুণদের কার্যক্রম
- OCFS শংসিত তরুণদের আটক রাখার কেন্দ্রগুলি

স্বাস্থ্য বিভাগ(Department of Health – DOH)

- DOH এর লাইসেন্সধারী প্রাপ্তবয়স্কদের যে কেন্দ্রগুলিতে 80টি শয্যা রয়েছে এবং যেখানে আবাসিকদের 25% এর গুরুতর মানসিক অসুস্থতা রয়েছে এবং যেখানে 55% এর কমসংখ্যক শয্যা রয়েছে তা সহায়তাযুক্ত জীবনযাপনের কার্যক্রমের (Assisted Living Program) শয্যা হিসেবে নির্ধারিত
- DOH এর এক্তিয়ারের অধীনস্থ বিকাশগত প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের সারারাত্রিব্যাপী, গ্রীষ্মকালের দিনেরবেলার এবং গ্রীষ্মের দিনের ভ্রমণের ক্যাম্প

স্টেটের শিক্ষা বিভাগ(State Education Department – SED)

- নিউ ইয়র্ক স্টেট স্কুল ফর দা ব্লাইন্ড (New York State School for the Blind)
- নিউ ইয়র্ক স্টেট স্কুল ফর দা ডেফ (New York State School for the Deaf)
- যে স্টেট-সমর্থিত (4201) স্কুলগুলির আবাসিক অঙ্গ রয়েছে
- বিশেষ আইনের (Special Act) স্কুল ডিসট্রিক্টগুলি
- বিশেষ শিক্ষা পরিষেবা বা কার্যক্রমের জন্য স্টেটের মধ্যেকার SED অনুমোদিত বেসরকারি আবাসিক স্কুলগুলি
- নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের পরিষেবা দেওয়া নিউ ইয়র্ক স্টেটের বাইরে অবস্থিত আবাসিক স্কুল বা কেন্দ্রগুলি

কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন

ন্যায়বিচার কেন্দ্রের লক্ষ্য হল বিশেষ চাহিদাযুক্ত মানুষদের প্রতি দুর্ব্যবহার প্রতিরোধ করা এবং নির্যাতন বা অবহেলার যাবতীয় অভিযোগের পূর্ণাঙ্গ তদন্ত হওয়া নিশ্চিত করা। ন্যায়বিচার কেন্দ্র পরিষেবা পাওয়া ব্যক্তিদের বিরুদ্ধে কর্মচারী, স্বেচ্ছাসেবী, ইন্টার্ন, পরামর্শদাতা বা ঠিকাদারগণ সহ কর্মীদের দ্বারা নির্যাতন ও অবহেলার অভিযোগের তদন্তও, পর্যালোচনা করে এবং রায় দেয়। ন্যায়বিচার কেন্দ্র পরিষেবা পাওয়া ব্যক্তিদের জেরা, গ্রেপ্তার বা সোপর্দ করে না। ন্যায়বিচার কেন্দ্র উল্লেখযোগ্য ঘটনাগুলির অভিযোগের তদন্তও করে না। উল্লেখযোগ্য ঘটনাগুলি স্টেটের উপযুক্ত তদারকি সংস্থার কাছে পর্যালোচনার জন্য অর্পণ করা হয়। আপনি অভিযুক্ত হিসেবে বা সাক্ষী হিসেবে ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত থাকলে নিম্নলিখিত তথ্য রিপোর্ট করার ও তদন্ত প্রক্রিয়ার, আপীল প্রক্রিয়ার এবং কীভাবে অতিরিক্ত তথ্য পেতে হবে তার ব্যাখ্যা দেয়।

ন্যায়বিচার কেন্দ্রের তদন্ত প্রক্রিয়া



কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন

রিপোর্ট করা

কারা নির্যাতন বা অবহেলা রিপোর্ট করতে পারেন?

যে কেউ দুর্বল ব্যক্তিদের কেন্দ্রীয় রেজিস্টার(Vulnerable Persons' Central Register – VPCR) এর কাছে 24-ঘন্টা, নিঃশুল্ক হটলাইন 1-855-373-2122 নম্বরে রিপোর্ট করতে পারেন। যদিও, কিছু লোককে তাদের কাজের প্রকৃতির কারণে VPCR এর কাছে রিপোর্ট করতে হবে। এই "বাধ্যতামূলক সংবাদদাতাদের" মধ্যে পড়েন সরাসরি সহায়তা ও মানবিক পরিষেবা পেশাদারগণ। রিপোর্টযোগ্য ঘটনাগুলির মধ্যে পড়ে নির্যাতন ও অবহেলার অভিযোগ এবং উল্লেখযোগ্য ঘটনাগুলি।

কখন বাধ্যতামূলক সংবাদদাতাদের VPCR এর সঙ্গে যোগাযোগ করতে হবে?

যখনই কোনও বাধ্যতামূলক সংবাদদাতা ঘটনা ঘটার যুক্তিসঙ্গত কারণ রয়েছে বলে সন্দেহ করবেন, তখনই তাকে অবিলম্বে VPCR এর কাছে রিপোর্ট করতে হবে। কর্মীদের ও 9-1-1 নম্বরে ফোন করা সহ পরিষেবা পাওয়া মানুষদের নিরাপত্তা নিশ্চিত করতে রিপোর্ট করায় বিলম্ব করা যেতে পারে। যদিও, বাধ্যতামূলক সংবাদদাতার রিপোর্টযোগ্য ঘটনা আবিষ্কারের 24 ঘন্টার মধ্যে VPCR এর কাছে রিপোর্ট করা আবশ্যক। বাধ্যতামূলক সংবাদদাতাদের প্রয়োজনীয়তা সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে www.justicecenter.ny.gov দেখুন।

আমি কি VPCR হটলাইনে কে ফোন করেছেন তা জানতে পারি?

ন্যায়বিচার কেন্দ্র থেকে VPCR হটলাইনে কে রিপোর্ট করেছেন সেই ব্যক্তিদের নাম অথবা তদন্তে সহযোগিতা করা ব্যক্তিদের নাম প্রকাশ করতে পারে না।

রিপোর্ট করার পর কী হবে?

কল সেন্টারের একজন প্রতিনিধি শুরুতে আপৎকালীন উত্তর প্রদানকারীর প্রয়োজন রয়েছে কিনা এবং/অথবা পরিষেবা পাওয়া ব্যক্তি বিপদে পড়েছেন বা তার আশু সহায়তার প্রয়োজন রয়েছে কিনা তা নির্ধারণ করবেন। পরিস্থিতি আপৎকালীন হলে কল সেন্টারের প্রতিনিধি যিনি ফোন করেছেন তাকে ফোন রেখে দিতে এবং 9-1-1 নম্বরে ফোন করতে নির্দেশ দেবেন। আপৎকালীন পরিস্থিতির মোকাবিলা করা গেলে তারপর সংবাদদাতাকে রিপোর্ট করা সম্পূর্ণ করতে হবে।

গ্রহণ

একজন প্রশিক্ষিত কল সেন্টারের প্রতিনিধি সংবাদদাতার থেকে তথ্য সংগ্রহ করবেন এবং একটি ঘটনা নম্বর বরাদ্দ করা হবে। গোপনীয়তার আইনগুলি সংবাদদাতাদের রক্ষা করবে।

এই কলটি রেকর্ড করা হবে।

শ্রেণীবিভাগ

ঘটনাটি এর পর শ্রেণীবদ্ধ করা হয়।

রিপোর্টযোগ্য:

- নির্যাতন বা অবহেলা
- উল্লেখযোগ্য ঘটনা

রিপোর্টযোগ্য নয়:

- সাধারণ অনুসন্ধান
- ন্যায়বিচার কেন্দ্রের এক্তিয়ারের অধীন নয়

কার্যপ্রদান

তারপর ঘটনাটি উপযুক্ত সত্তার কাছে তদন্ত বা পর্যালোচনার জন্য বরাদ্দ করা হয়।

ন্যায়বিচার কেন্দ্র তীব্রতার এবং/অথবা প্রতিবেশের ভিত্তিতে নির্যাতন বা অবহেলার অভিযোগের তদন্ত পরিচালনা করে। কম গুরুতর অভিযোগগুলি স্টেটের উপযুক্ত তদারকি সংস্থার কাছে অর্পণ করা যেতে পারে, যারা সেটিকে পরবর্তীতে প্রদানকারী সংস্থার কাছে অর্পণ করতে পারে।

কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন

তদন্ত চলাকালীন

সত্যভাষণের গুরুত্ব।

কোনও তদন্ত চলাকালীন কোনও জাল নথিপত্র বা মিথ্যা তথ্য প্রদান না করা জরুরি। এটি সাক্ষী ও অভিযুক্ত সহ তদন্তে জড়িত প্রত্যেকের জন্য প্রযোজ্য। নির্যাতন বা অবহেলার আবিষ্কারে, রিপোর্ট করায় বা তদন্তে হস্তক্ষেপ, রেকর্ড জাল করা অথবা ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিবৃতি দেওয়া বাধা দেওয়ার সামিল এবং তার ফলে কোনও সাক্ষী তদন্তে অভিযুক্তে পরিণত হতে পারেন।

তদন্তে কাকে জেরা করা যাবে?

তদন্তকারীরা যারা নির্যাতন বা অবহেলার কাজ সম্পাদন করেছেন ও সেইসঙ্গে যে সকল পরিষেবা পাওয়া ব্যক্তিরা শিকার হওয়া ব্যক্তি বা সাক্ষী হতে পারেন এবং সেই সকল ব্যক্তি যারা ঘটনা প্রত্যক্ষ করেছেন অথবা যাদের কাছে অন্য কোনোভাবে ঘটনার তথ্য রয়েছে সেই অভিযুক্তদের (যেমন, কর্মচারী, স্বেচ্ছাসেবী, ইন্টার্ন, পরামর্শদাতা, ঠিকাদার) জেরা করবেন। কেবলমাত্র কর্মীদেরই তদন্তে অভিযুক্ত বলে বিবেচনা করা যাবে, পরিষেবা প্রাপকদের নয়। ন্যায়বিচার কেন্দ্র পরিচালিত যাবতীয় সাক্ষাৎকার ও জেরা রেকর্ড করা হবে।

আমি কীভাবে জানবো যে আমি কোনও তদন্তে অভিযুক্ত কিনা?

আপনি ন্যায়বিচার কেন্দ্র পরিচালিত কোনও নির্যাতন বা অবহেলার তদন্তে অভিযুক্ত হলে সাধারণভাবে আপনি সেই ন্যায়বিচার কেন্দ্র থেকে লিখিত বিজ্ঞপ্তি পাবেন যেখানে আপনি তদন্তে অভিযুক্ত হয়েছেন। এই বিজ্ঞপ্তিতে VPCR এর থেকে হয় কোনও ঘটনার, নতুবা কোনও কেসের ক্রমিক নম্বর থাকবে। ন্যায়বিচার কেন্দ্র থেকে তদন্ত সম্পর্কে তথ্য চাইতে অনুগ্রহ করে এই ঘটনার নম্বর বা ক্রমিক নম্বর ব্যবহার করুন। আপনি কোনও তদন্তে নিজের স্থিতি সম্পর্কে নিশ্চিত না হলে আপনাকে সাক্ষাৎকারের সময় তদন্তকারীকে তা জিজ্ঞাসা করতে হবে।

কোনও তদন্তে অভিযুক্ত হলে আমি কী প্রত্যাশা করতে পারি?

আপনি ন্যায়বিচার কেন্দ্রে রিপোর্ট করা কোনও নির্যাতন বা অবহেলার অভিযোগে অভিযুক্ত হিসেবে চিহ্নিত হলে তদন্তের অঙ্গ হিসেবে আপনাকে জেরা করা হতে পারে বলে প্রত্যাশা করতে পারেন। ন্যায়বিচার কেন্দ্রের তদন্তকারীরা নথিপত্র প্রাপ্ত ও পর্যালোচনা করবেন, সাক্ষীদের সাক্ষাৎকার নেবেন এবং আপনাকে আপনার বিরুদ্ধে করা অভিযোগের ব্যাখ্যা করার সুযোগ দেওয়া হবে।

সাক্ষী হিসেবে সাক্ষাৎকার নেওয়া হলে আমি কী প্রত্যাশা করতে পারি?

আপনি কোনও নির্যাতন বা অবহেলার ঘটনার সাক্ষী হলে অথবা আপনার কাছে ঘটনা সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য থাকলে ন্যায়বিচার কেন্দ্রের তদন্তকারীরা আপনার সাক্ষাৎকার নিতে পারেন। সাক্ষাৎকার নেওয়ার উদ্দেশ্য হল ন্যায়বিচার কেন্দ্রে রিপোর্ট করা ঘটনা সম্পর্কে আপনি যা জানেন তার সম্পর্কে জানা। বেশিরভাগ ক্ষেত্রে, আপনার নিয়োগকর্তা আপনাকে সাক্ষাৎকারের স্থান, তারিখ ও সময় জানিয়ে দেবেন।

আমি কি জেরার সময় আমার সঙ্গে প্রতিনিধিত্ব বা আইনি কৌঁসুলি রাখতে পারি?

আপনি কোনও ইউনিয়নের সদস্য হলে এবং আপনার যৌথ দরকষাকষির চুক্তিতে অ-ফৌজদারি তদন্তে জেরার সময় আইনি কৌঁসুলি বা ইউনিয়নের প্রতিনিধি উপস্থিত থাকার ব্যবস্থা থাকলে ন্যায়বিচার কেন্দ্র আপনার যৌথ দরকষাকষির চুক্তির অধিকার মেনে চলবে। আপনার যৌথ দরকষাকষির শর্তে বা চুক্তিতে কীসের অনুমতি রয়েছে তার সম্পর্কে প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার ইউনিয়নের প্রতিনিধি বা আপনার নিয়োগকর্তার সঙ্গে যোগাযোগ করুন।

কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন

আপনি কোনও ইউনিয়নের সদস্য না হলে আপনি জেরার সময় আপনার সঙ্গে একজন অ্যাটর্নি রাখতে পারেন। আপনার স্বার্থ রক্ষা করতে ন্যায়বিচার কেন্দ্র এমন পদক্ষেপ নেওয়া নিশ্চিত করবে যাতে আপনার প্রতিনিধিত্বকারী অ্যাটর্নির কোনও স্বার্থের সংঘাত থেকে থাকলে আপনি তার সম্পর্কে সচেতন থাকেন (যেমন, আপনার প্রতিনিধিত্বকারী অ্যাটর্নি আপনার নিয়োগকর্তার জন্যেও কাজ করেন)।

কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন

যে কোনও ফৌজদারি তদন্তে, আপনার বিশেষ কিছু সাংবিধানিক অধিকার রয়েছে যার মধ্যে থাকতে পারে কিছু পরিস্থিতিতে আপনার সঙ্গে আইনি কৌঁসুলি উপস্থিত থাকার অধিকার। ন্যায়বিচার কেন্দ্র আপনার আইনে প্রয়োজনীয় এই সাংবিধানিক অধিকারগুলির প্রতি সম্মান প্রদর্শন করবে এবং সেগুলি সম্পর্কে আপনাকে পরামর্শ দেবে।

ফৌজদারি তদন্ত চলাকালীন কী হবে?

অভিযোগগুলি ফৌজদারি তদন্তের স্তরে উঠে এলে তা ন্যায়বিচার কেন্দ্রের বিশেষ প্রসিকিউটর/ইনস্পেকটর জেনারেল অথবা স্থানীয় ডিসট্রিক্ট অ্যাটর্নির দ্বারা মামলা রুজু করা হবে। কিছু ফৌজদারি মামলা ন্যায়বিচার কেন্দ্র ও স্থানীয় ডিসট্রিক্ট অ্যাটর্নির দ্বারা যৌথভাবে রুজু করা হবে।

তদন্ত সম্পূর্ণ হওয়ার পর

কারা তদন্তের ফলাফল নির্ধারণ করবেন?

ন্যায়বিচার কেন্দ্র কোনও নির্যাতন বা অবহেলার অভিযোগ প্রতিপন্ন হয়েছে কিনা, এবং প্রতিপন্ন হলে তার শ্রেণীগত স্তর সম্পর্কে চূড়ান্ত নির্ধারণ করবে। ন্যায়বিচার কেন্দ্র যে কোনও অভিযুক্ত ব্যক্তির সঙ্গে জড়িত প্রতিটি অভিযোগের প্রতিপন্ন হওয়া বা না হওয়া ফলাফল জারি করবে।

তদন্তের সম্ভাব্য নির্ধারণ কী কী হতে পারে?

নির্যাতন বা অবহেলার অভিযোগগুলি **প্রতিপন্ন হয়েছে** বা **প্রতিপন্ন হয়নি** বলে নির্ধারিত হবে। কোনও নির্যাতন বা অবহেলার তদন্তে প্রমাণগুলির অভিযোগের সমর্থনের দিকে ভারী বলে নির্ধারিত হলে অভিযোগগুলি প্রতিপন্ন হতে পারে। প্রমাণের কোনও দিকে ভারী হওয়ার অর্থ হল পর্যালোচনার প্রমাণে দেখা যাচ্ছে যে নির্যাতন এবং/অথবা অবহেলার অভিযোগ না ঘটার থেকে ঘটার সম্ভাবনাই বেশি। প্রমাণ কোনও দিকে ভারী না হলে নির্যাতন বা অবহেলার অভিযোগ প্রতিপন্ন না হওয়া আবশ্যক। নির্যাতন বা অবহেলার অভিযোগ প্রতিপন্ন হওয়া তীব্রতার উপর নির্ভর করে চারটি শ্রেণীতে শ্রেণীবদ্ধ করা হতে পারে। প্রতিপন্ন না হওয়া অভিযোগ প্রকাশ্যে আনা হবে না এবং কোনও ভবিষ্যৎ নিয়োগকর্তার দ্বারা প্রবেশযোগ্য হবে না।

নির্যাতন বা অবহেলার কোনও অভিযোগ কেন প্রতিপন্ন হয়নি বলে নির্ধারিত হতে পারে?

নির্যাতন বা অবহেলার কোনও অভিযোগ বিভিন্ন কারণে প্রতিপন্ন হয়নি বলে নির্ধারিত হতে পারে। নির্যাতন বা অবহেলার কোনও অভিযোগ অথবা কোনও ব্যক্তির ঘটনার জন্য দায়ী হওয়া নিশ্চিত করার জন্য হয়তো যথেষ্ট প্রমাণ নেই। প্রতিপন্ন না হওয়া ফলাফল অন্যান্য পরিণাম এড়ায় না, যার মধ্যে পড়তে পারে কর্মচারীদের শৃঙ্খলা, অতিরিক্ত তত্ত্বাবধান, প্রশিক্ষণ বা আপনার নিয়োগকর্তার দ্বারা গৃহীত অন্যান্য সংশোধনমূলক পদক্ষেপ।

কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন

শ্রেণীর স্তরগুলি

শ্রেণী 1: কোনও অভিযুক্তের দ্বারা গুরুতর শারীরিক নির্যাতন, যৌন নির্যাতন বা অন্য কোনও গুরুতর আচরণ। শ্রেণী 1-ভুক্ত প্রতিপাদন অভিযুক্তকে কর্মীদের বহিষ্কারের তালিকায়(Staff Exclusion List - SEL) ফেলে দেয়। এর মধ্যে আগেকার শ্রেণী 2-ভুক্ত ফলাফলের তিন বছরের মধ্যে শ্রেণী 2-ভুক্ত দ্বিতীয় আচরণের দৃষ্টান্তও পড়ে। SEL-ভুক্ত অভিযুক্তরা চিরকাল তালিকায় থাকেন।

শ্রেণী 2: কোনও অভিযুক্ত কোনও নির্যাতন বা অবহেলার কাজ সম্পাদনের দ্বারা কোনও পরিষেবা প্রাপকের স্বাস্থ্য, সুরক্ষা বা কল্যাণকে গুরুতর বিপদগ্রস্ত করেছেন। শ্রেণী 2-ভুক্ত অপরাধগুলি পাঁচ বছর পর সীল করা হয় এবং প্রকাশ্যে উপলব্ধ থাকে না।

শ্রেণী 3: কম গুরুতর নির্যাতন বা অবহেলার ঘটনা। রিপোর্টগুলি পাঁচ বছর পর সীল করা হয়। ভবিষ্যৎ নিয়োগকর্তারা এই ঘটনাগুলি সম্পর্কে কোনও তথ্য পান না এবং সেগুলি প্রকাশ্যে উপলব্ধ থাকে না।

শ্রেণী 4: কোনও কার্যক্রম বা কেন্দ্রের অবস্থা মানুষকে ক্ষতির বা ক্ষতির ঝুঁকির সম্মুখীন করে। শ্রেণী 4 এর মধ্যে সেই দৃষ্টান্তগুলিও পড়ে যেখানে পরিষেবা পাওয়া ব্যক্তি নির্যাতিত বা অবহেলিত হয়েছেন বলে প্রতিপন্ন হয়েছে, তবে অপরাধীকে সনাক্ত করা যায়নি।

আমি কীভাবে কোনও তদন্তের ফলাফল জানবো?

আপনি কোনও তদন্তে অভিযুক্ত হলে নির্ধারণের চিঠি আপনার বাসস্থানের ঠিকানায় ডাকযোগে পাঠানো হবে। সেই একই তারিখে, ন্যায়বিচার কেন্দ্র থেকে আপনার কেন্দ্র বা প্রদানকারী সংস্থাকে, আপনার কেন্দ্র বা প্রদানকারী সংস্থাকে লাইসেন্স প্রদান বা শংসিত করা স্টেট তদারকি সংস্থাকে, শিকার হওয়া ব্যক্তি হিসেবে নাম দেওয়া পরিষেবা প্রাপক এবং/অথবা তাদের ব্যক্তিগত প্রতিনিধিকে[1] তদন্তের ফলাফল সম্পর্কে অবহিত করা হবে। অভিযোগ প্রতিপন্ন হওয়া বা না হওয়া নিয়ে একটি বিজ্ঞপ্তি দেওয়া হবে।

তদন্ত সম্পর্কে তথ্যে কে প্রবেশ পাবেন?

স্টেটের আইনে গোপনীয়তা রক্ষার ব্যবস্থা রয়েছে এবং তাতে কারা প্রতিপন্ন হওয়া ও না হওয়া রিপোর্টগুলি সংক্রান্ত রেকর্ড প্রাপ্ত করতে পারেন তা চিহ্নিত করা হয়। ন্যায়বিচার কেন্দ্রের তদন্তের রেকর্ডগুলি গোপনীয়, তবে তা বিশেষ কিছু অনুমোদিত ব্যক্তিকে দেওয়া যেতে পারে, যার মধ্যে তদন্তের পড়েন তদন্তে অভিযুক্ত।

আমি কোনও শ্রেণী 1-ভুক্ত অপরাধের জন্য দায়ী বলে সাব্যস্ত হলে কী হবে?

ন্যায়বিচার কেন্দ্র একটি স্টেটব্যাপী রেজিস্টার বজায় রাখে যার নাম কর্মীদের বহিষ্কারের তালিকা (SEL) যাতে রয়েছে কোনও শ্রেণী 1-ভুক্ত অপরাধের জন্য দায়ী বলে সাব্যস্ত তত্ত্বাবধায়কদের (যেমন, কর্মচারী, স্বেচ্ছাসেবী, ইন্টার্ন, পরামর্শদাতা, ঠিকাদার) নাম, যার মধ্যে রয়েছে নির্যাতন বা অবহেলার বিশেষ কিছু গুরুতর বা পুনরাবৃত্তি করা

[1] **সামাজিক পরিষেবা আইন (Social Services Law) এর ধারা 488 (10)** "ব্যক্তিগত প্রতিনিধি"র অর্থ হল এমন কোনও ব্যক্তি যিনি স্টেটের, উপজাতীয়, সামরিক বা অন্য কোনও প্রযোজ্য আইনের অধীনে স্বাস্থ্য পরিচর্যার সিদ্ধান্ত নিতে কোনও দুর্বল ব্যক্তির অথবা স্টেটের শিক্ষা বিভাগের বা শিশু ও পারিবারিক পরিষেবা দপ্তরের এক্তিয়ারের অধীনে শিশুদের পরিষেবা দেওয়া কার্যক্রমগুলির, পরিষেবা প্রাপকের পিতার/মাতার, অভিভাবকের বা সেই ব্যক্তির জন্য আইনত দায়ী অন্য কোনও ব্যক্তির হয়ে কাজ করার অনুমোদনপ্রাপ্ত

কার্য সম্পাদন। কর্মীদের বহিষ্কারের তালিকায় থাকা ব্যক্তিদের কোনও স্টেট পরিচালিত, শংসিত বা লাইসেন্সপ্রাপ্ত প্রদানকারী সংস্থার অথবা বিশেষ চাহিদাযুক্ত মানুষদের পরিষেবা দেওয়া প্রদানকারীদের দ্বারা নিযুক্তি নিষিদ্ধ।

আমি কী করে জানবো যে আমাকে কর্মীদের বহিষ্কারের তালিকাভুক্ত (SEL) করা হয়েছে কিনা?

তদন্তের শেষে আপনার পাওয়া নির্ধারণের চিঠিতে বলা থাকবে যে আপনার শ্রেণী-1 ভুক্ত অপরাধ প্রতিপন্ন হয়েছে কিনা, হয়ে থাকলে, আপনাকে SEL-ভুক্ত করা হয়েছে।

আপীলের অধিকার

আপনি কোনও নির্যাতন বা অবহেলা প্রতিপাদনের রিপোর্টে অভিযুক্ত হলে আপনার হাতে সেই ফলাফলকে চ্যালেঞ্জ করার জন্য 30 দিন রয়েছে। নির্ধারণের শ্রেণী নির্বিশেষে যে কোনও প্রতিপাদনের রিপোর্টকে চ্যালেঞ্জ করা যাবে। আপীল প্রক্রিয়া সংক্রান্ত তথ্য আপনার ফলাফলের চিঠিতে অন্তর্ভুক্ত থাকবে।

ধাপ 1: প্রশাসনিক পর্যালোচনা

প্রথম ধাপটি হল একটি প্রশাসনিক পর্যালোচনার জন্য লিখিত অনুরোধ জমা দেওয়া। ন্যায়বিচার কেন্দ্র আপীলে থাকা রেকর্ডগুলি পর্যালোচনা করে যার মধ্যে রয়েছে: একটি তদন্তের ফাইল; প্রতিপাদনের রিপোর্ট; আপনার সংশোধনের অনুরোধ; এবং আপনার জমা দেওয়া কোনও অতিরিক্ত প্রমাণ।

ন্যায়বিচার কেন্দ্র প্রতিপাদনের রিপোর্টে নির্দেশ করা নির্যাতন বা অবহেলার কাজ বা কাজগুলি আপনি যে সম্পাদন করেছেন তার ফলাফলকে সমর্থন করার দিকে প্রমাণগুলি ভারী কিনা তা নির্ধারণ করবে। নির্যাতন বা অবহেলার রিপোর্ট প্রতিপন্ন হলে আপনার একজন প্রশাসনিক আইনের বিচারকের(Administrative Law Judge) সামনে শুনানির অধিকার থাকবে (ধাপ 2 দেখুন)। নির্যাতন বা অবহেলার রিপোর্ট প্রতিপন্ন না হলে রিপোর্টটি সীল করা হবে।

ধাপ 2: প্রশাসনিক শুনানি

ন্যায়বিচার কেন্দ্রের পর্যালোচনার পরেও রিপোর্টটি প্রতিপন্ন থেকে গেলে আপনার আপনার একজন প্রশাসনিক আইনের বিচারকের সামনে শুনানির অধিকার থাকবে। আপনি প্রাক-শুনানি বৈঠকে ও শুনানিতে একই কৌঁসুলিকে রাখতে পারেন। শুনানিতে ন্যায়বিচার কেন্দ্রকে তদন্তের ফলাফলের সমর্থনে প্রমাণ দেখাতে হবে। শুনানিতে নিষ্পত্তি করার মতো প্রশ্নগুলি হল নির্যাতন বা অবহেলার ফলাফলকে সমর্থন করার দিকে এবং নির্যাতন বা অবহেলার শ্রেণীর স্তরের দিকে প্রমাণগুলি ভারী কিনা।

শুনানির শেষে, প্রশাসনিক আইনের বিচারক ন্যায়বিচার কেন্দ্রের একজিকিউটিভ ডিরেক্টরের প্রতি একটি রিপোর্ট ও সুপারিশ জারি করবেন। একজিকিউটিভ ডিরেক্টর বা তার মনোনীত প্রতিনিধি চূড়ান্ত নির্ধারণ করবেন (একটি আদেশের আকারে জারি করবেন), যা পরবর্তী কোনও প্রশাসনিক পর্যালোচনা সাপেক্ষ নয়।

আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে নিউ ইয়র্ক দেওয়ানী রীতির আইন ও নিয়মাবলীর(New York Civil Practice Law and Rules) ধারা 78 অনুসারী আপীল করতে পারেন, যা প্রশাসনিক নির্ধারণকে চ্যালেঞ্জ করার প্রণালী প্রতিষ্ঠিত করে।

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে www.justicecenter.ny.gov -এ উপলভ্য *আপীল প্রক্রিয়া সম্পর্কে আমাকে কী জানতে হবে(What I Need to Know About the Appeals Process)* দেখুন।

আরো তথ্যের জন্য

কোনও ন্যায়বিচার কেন্দ্রের তদন্তে জড়িত হলে আপনি কীসের প্রত্যাশা করতে পারেন |

আমি কীভাবে আরও তথ্য পাবো?

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ন্যায়বিচার কেন্দ্রের ওয়েবসাইট www.justicecenter.ny.gov দেখুন অথবা 518-549-0200 নম্বরে সোমবার থেকে শুক্রবার, সকাল 9:00টা থেকে বিকেল 5:00টার মধ্যে ফোন করুন।

আমি কীভাবে নির্যাতন বা অবহেলার রিপোর্ট করতে পারি?

নির্যাতন বা অবহেলার রিপোর্ট করতে ন্যায়বিচার কেন্দ্রের নিঃশুল্ক হটলাইন 1-855-373-2122 নম্বরে 24/7 ফোন করুন।

ঘটনা পর্যালোচনা প্রক্রিয়া

1 গ্রহণ	কোনও অভিযোগ দুর্বল ব্যক্তিদের কেন্দ্রীয় রেজিস্টারে রিপোর্ট করা হয়।
2 শ্রেণীবিভাগ	হয় রিপোর্টযোগ্য ঘটনা (যেমন, নির্যাতন, অবহেলা বা উল্লেখযোগ্য ঘটনা), নয়তো অ-রিপোর্টযোগ্য ঘটনা (যেমন, সাধারণ অনুসন্ধান) হিসেবে অভিযোগটির শ্রেণীবিভাগ করা হয়।
3 তদন্ত	ন্যায়বিচার কেন্দ্র তীব্রতার এবং/অথবা প্রতিবেশের ভিত্তিতে নির্যাতন বা অবহেলার অভিযোগের তদন্ত পরিচালনা করে। কম গুরুতর অভিযোগগুলি স্টেটের উপযুক্ত তদারকি সংস্থার কাছে অর্পণ করা যেতে পারে, যারা সেটিকে পরবর্তীতে প্রদানকারী সংস্থার কাছে অর্পণ করতে পারে।
4 নির্ধারণ	নির্যাতন বা অবহেলার অভিযোগের তদন্ত সম্পূর্ণ হওয়ার পর - তদন্তটি ন্যায়বিচার কেন্দ্র, স্টেটের তদারকি সংস্থা বা প্রদানকারী সংস্থা সম্পূর্ণ করেছে কিনা তা নির্বিশেষে - ন্যায়বিচার কেন্দ্র তদন্তটি পর্যালোচনা করে এবং প্রতিটি অভিযোগ প্রতিপন্ন করা হবে কি হবে না তা নির্ধারণ করে। প্রতিপন্ন না হওয়া রিপোর্টগুলি অবিলম্বে সীল করে ফেলা হয়। প্রতিপন্ন না হওয়া ফলাফল শাস্তিমূলক ব্যবস্থা সহ অন্যান্য পরিণামকে নিবারণ করে না।